

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৯৪০০.০০০.১৪.০৬৯.১৫. ৫৫৬

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঠাকুরগাঁও জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত উপখাতের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ঠাকুরগাঁও জেলা পরিষদের স্মারক নং-৪৬.৫৫.৯৪০০.০০০.০৯.০১৪.২০১৭-১৬২, তারিখঃ ১০/৪/২০১৮।

ঠাকুরগাঁও জেলা পরিষদের পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত উপখাতের আওতায় ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকায় গৃহীত ৮৫টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৫২, ৫৩, ৫৫, ৫৬ ও ৫৯ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যতীত ৯৬,০০,০০০/- (ছিয়ানব্বই লক্ষ) টাকায় গৃহীত ৮০টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ বা তদুর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, ঠাকুরগাঁও কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- পিপিআর-২০০৮ এবং এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে। মোট বরাদ্দের ৪০% এর বেশি প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটির) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ ঠাকুরগাঁও এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। চার লক্ষ টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৫২, ৫৩, ৫৫, ৫৬ ও ৫৯ এ বর্ণিত প্রকল্পগুলো ১.০০ লক্ষ টাকার নিম্নে হওয়ায় উক্ত প্রকল্পগুলো এডিপি বরাদ্দের নির্দেশনা অনুযায়ী সংশোধন করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.A.M.
০৩/০৬/২০১৮
(ড. জুলিয়া মর্দিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঠাকুরগাঁও।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।